অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
বিজ্ঞপ্তি নং- ০২, তারিখ : ০৩/০১/২০২৩ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পুরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ (সেশন ফি ছাড়া)

| বিষয় | ফরম পূরণ ফি: নিয়মিত/ অনিয়মিত এবং ৪র্থ বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফিসহ | | | | গ্রেড উন্নয়ন | ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | ফরম পূরণ ফি | অনার্স-৪র্থ বর্ষ প্রাক-নির্বাচনী ও নির্বাচনী | অনার্স-৪র্থ বর্ষ ইনকোর্স ফি | সর্বমোট | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে ফরম পূরণের তারিখ:<br>০৪/০১/২০২৩ তারিখ হতে<br>০৯/০১/২০২৩ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ :<br>১০/০১/২০২৩ তারিখ হতে<br>১৭/০১/২০২৩ তারিখ পর্যন্ত। |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৬০০ | ৯০০ | ২০০ | ৩৭০০ | | |
| পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত, ভূগোল ও পরিবেশ | ২৭৫০ | ৯০০ | ২০০ | ৩৮৫০ | | |
| রসায়নবিজ্ঞান | ৩১৫০ | ৯০০ | ২০০ | ৪২৫০ | | |

বি.দ্রঃ ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি-এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

| | |
|---|---|
| পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী : | ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পুরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/formfillup এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| পরীক্ষার ফরম পূরণের ফি জমাদানের নিয়মাবলী: | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- January-23 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ১০/০১/২০২৩ তারিখ হতে ১৭/০১/২০২৩ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে। |
| বিভাগে পরীক্ষার ফরম জমা দেওয়ার নিয়মাবলী | Payment সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে সেশন ফি ও ফরমপূরণ ফি পরিশোধের Payment কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অনার্স ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফল শীটের ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে ১১/০১/২০২৩ তারিখ হতে ১৮/০১/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী যারা, ২০২০ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তারা ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: | ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স-২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি, সেসকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে। |
| গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: | যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোনো একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়া ২০২০ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় এক বা দুটি কোর্সে "C" বা "D" গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীগণ ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে সর্বোচ্চ দুটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। কোনো শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে। |

◆ ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

৫। সিলেবাস : ২০২১ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।
৬। ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

০৩/০১/২৩
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান,সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।

Hon's Part- 2